গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২৩-২৪ অর্থবছরে ১ম ত্রৈমাসিকে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	স্মৃতি কর্মকার ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৩ সেপ্টেম্বর ২০২৩
সভার সময়	বেলা ০৩:৩০ টা।
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	"পরিশিষ্ট"

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অংশীজন হিসেবে গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি ও দুইজন শিক্ষার্থী), শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি, একজন শিক্ষার্থী ও ০১জন অভিভাবক), বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), কচিকণ্ঠ উচ্চ বিদ্যালয় (০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), জামেয়াই হযরত আবু বকর ছিদ্দিক রা: দাখিল মাদরাসা (০১ জন সুপার, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), বেঙ্গালী মিডিয়াম হাইস্কুল (প্রধান শিক্ষক, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক) থেকে মোট ০৬ জন শিক্ষক, ০৭ জন শিক্ষার্থী ও ০৫ জন অভিভাবক, ০২ জন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (ক্যান্টনমেন্ট ও কাফরুল) এবং ঢাকা ট্রিবিউন এর ০১ সাংবাদিক প্রতিনিধিসহ মোট একুশ জন অংশীজন হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতি সভায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, অভিভাবক, শিক্ষার্থী, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সাংবাদিক প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বিভিন্ন আর্থিক সহায়তা সম্পর্কে তাদের অভিজ্ঞতা, সমস্যা ও সুপারিশ উন্মুক্তভাবে তুলে ধরার আহবান জানান। পাশাপাশি সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধিগণকে প্রকৃত দরিদ্র শিক্ষার্থীদের নিকট ট্রাস্টের উপবৃত্তি ও আর্থিক সহায়তা কার্যক্রমের তথ্য ব্যপক প্রচারের অনুরোধ জানান।সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ ভর্তির শুরুতেই শিক্ষার্থীর NID, জন্ম নিবন্ধন সনদ, সচল মোবাইল বা অনলাইন ব্যাংকিং একাউন্ট নম্বর, পিতা-মাতার পেশা ও আর্থ সামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করবেন। বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পত্র প্রেরণ করতে হবে।	স্কিম পরিচালক সমন্বিত উপবৃত্তি কর্মসূচি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪.০ আলোচ্যসূচিভুক্ত বিষয়ের আলোচনা সম্পন্ন হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-০৯-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.১৬.০০১.২০.৮৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;

২। স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;

৩। উপসচিব , সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

৪। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;

৫। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;

৬। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং

৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

RJahan

২৭-০৯-২০২৩

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক